দৈনিক জনকণ্ঠ

05 NOV 1997

তারিখ ... 05 NOV 1997
পৃষ্ঠা ৪ কলাম ৩

15

# রিটেনশন অর্ডারের অভাবে ৩ হাজার শিক্ষকের বেতন-ভাতা বন্ধ

**স্টাফ রিপোর্টার ॥** রিটেনশন অর্ডারের অভাবে দেশের তিন সহস্রাধিক মাধ্যমিক শিক্ষকের বেতন-ভাতা বন্ধ হয়ে গেছে। অক্টোবর মাসের বেতন-ভাতা তাঁরা পাচ্ছেন না। প্রতিবছরই বাজেট বরাদ্দ ও পদের মঞ্জুরি না থাকায় এসব শিক্ষককে দীর্ঘদিন ধরে দুর্ভোগ পোহাতে হয়।

জানা যায়, সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের অস্থায়ী পদের সমস্যাটি দীর্ঘদিনের। পদ অস্থায়ী হলেও শিক্ষকদের চাকরি স্থায়ী। অথচ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবহেলা ও সময়মতো ব্যবস্থা গ্রহণ না করায় মাঝে মধ্যে এসব শিক্ষকের বেতন-ভাতা বন্ধ হয়ে যায়।

বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব মোঃ নজরুল ইসলাম এই দুর্মূল্যের বাজারে শিক্ষকদের বেতন-ভাতা বন্ধ হওয়ায় উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি এ সমস্যার স্থায়ী সমাধান করে শিক্ষকদের হয়রানি বন্ধের জন্য কর্তৃপক্ষের প্রতি আহবান জানান।

শিক্ষকদের অপর সংগঠন সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ মতিউর রহমান ও মহাসচিব সামসুল হক এক বিবৃতিতে জরুরীভিত্তিতে সরকারী মাধ্যমিক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের জন্য কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানান।